মুজিবনগরে সহিংসতা নিরসন ও সম্প্রীতি স্থাপন শীর্ষক মতবিনিময় সভা

মুজিবনগর উপজেলার গুডনেইবার বাংলাদেশ কার্যালয়ের হলরুমে “সহিংসতা নিরসন ও সম্প্রীতি স্থাপন” শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভাটির আয়োজন করে দি হাঙ্গার প্রজেক্টের এমআইপিএস প্রকল্প, এফসিডিও’র আর্থিক সহায়তায়।

সভায় সভাপতিত্ব করেন শিক্ষক মো: নজির উদ্দীন এবং সঞ্চালনা করেন পিএফজি সমন্বয়কারী মো: ওয়াজেদ আলী খান। প্রকল্পের উদ্দেশ্য ও কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন দি হাঙ্গার প্রজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী মো: খোরশেদ আলম এবং এলাকা সমন্বয়কারী এস.এম. রাজু জবেদ।

বক্তারা তাঁদের আলোচনায় রাজনৈতিক ও ধর্মীয় সহিংসতার বিরুদ্ধে একযোগে রুখে দাঁড়ানোর আহ্বান জানান। তারা বলেন, সামাজিক সম্প্রীতি, সহনশীলতা ও পারস্পরিক শ্রদ্ধাবোধই একটি শান্তিপূর্ণ সমাজ গঠনের মূল চাবিকাঠি। পারিবারিক শিক্ষার প্রসার, যুব সমাজের সচেতনতা বৃদ্ধি এবং ধর্মীয় ও রাজনৈতিক নেতাদের মানবিক নেতৃত্ব সহিংসতা কমিয়ে সম্প্রীতির সংস্কৃতি গড়ে তুলতে পারে বলে মত দেন বক্তারা।

সভায় বক্তব্য রাখেন, সমন্বয়কারি মো: ওয়াজেদ আলিখান, শিক্ষক মো: নজির উদ্দীন, ইয়ুথ অ্যাম্বাসেডর তনময় মন্ডল, বিএনপি নেতা সুজন আলি খান, মাহফুজ আহম্মেদ, খ্রিষ্টান ধর্মযাজক গাব্রিয়াল মন্ডল, নারী প্রতিনিধি নিলুফা খাতুন, ইমাম মোস্তাফিজুর রহমান হৃদয়, পুরোহিত পবিত্র কুমার এবং পিস অ্যাম্বাসেডর মুন্সি মোকাদ্দাস। এছাড়া অন্যান্য রাজনৈতিক, ধর্মীয়, নৃগোষ্ঠিগত ও সুশিল সমাজের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

বক্তারা তাঁদের বক্তব্যে সমাজ থেকে বিভেদ, অহংকার ও বিদ্বেষ দূর করে পারস্পরিক সহানুভূতি, সহমর্মিতা ও সম্মান বজায় রাখার উপর গুরুত্বারোপ করেন।

উল্লেখযোগ্যভাবে, এই সভায় দাশ ও মুচি সম্প্রদায়, মুসলিম,

খ্রিষ্টান সম্প্রদায়ের দুটি গ্রুপ যারা সাধারণত একে অপরের প্রোগ্রামে অংশ নেন না। তারা সবাই একত্রিত হয়ে সম্প্রীতির এক মিলনমেলায় পরিণত করেন অনুষ্ঠানস্থলকে।

সভাটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন দি হাঙ্গার প্রজেক্টের ফিল্ড কো-অর্ডিনেটর মো. আশরাফুজ্জামান।

মুজিবনগরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখ্য সংগঠকের উপর হামলার ঘটনায় মামলা, গ্রেপ্তার ২

মেহেরপুরের মুজিবনগরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা পর্যায়ের মুখ্য সংগঠক ও উপজেলার বাগোয়ান গ্রামের হারু শেখের ছেলে শাওন শেখের উপর হামলার ঘটনায় মুজিবনগর থানায় মামলা দায়ের করা হয়েছে। গত সোমবার রাতে শাওন শেখ বাদী হয়ে এ মামলা দায়ের করেন।

মামলা দায়েরের ২৪ ঘণ্টার মধ্যেই মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক তৌফিকুল ইসলাম মিঠুন এবং মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজ ছাত্রদলের সভাপতি রুবেল হাসানকে মেহেরপুর আদালত চত্বর থেকে যৌথভাবে অভিযান চালিয়ে গ্রেফতার করে মুজিবনগর থানা ও ডিবি পুলিশ। পরে আদালতের মাধ্যমে তাদেরকে জেলহাজতে পাঠানো হয়।

মামলার সূত্রে জানা গেছে, প্রায় ২৫ দিন আগে ভিজিএফ কার্ডে চাল বিতরণকে কেন্দ্র করে মোবাইল ফোনে শাওন শেখকে হত্যার হুমকি দেয় মিঠুন। তারই ধারাবাহিকতায় সোমবার রাত সাড়ে ৯টার দিকে শাওন শেখ ঢাকার উদ্দেশ্যে রওনা হলে মুজিবনগরের কেদারগঞ্জ চার রাস্তার মোড়ে পৌঁছালে হামলার ঘটনা ঘটে।

সেসময় বাগোয়ান গ্রামের কাহিরুলের ছেলে এবং জেলা ছাত্রদলের সাবেক

যুগ্ম সম্পাদক মিঠুন (৩২), বিশ্বনাথপুর গ্রামের রাহিন বিশ্বাসের ছেলে রুবেল হাসান (২৮), শিবপুর গ্রামের ইলিয়াস হোসেনের ছেলে ও উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সাইদুল হাসান রাহুল (৩৫), গৌরিনগর গ্রামের সেলিম হোসেনের ছেলে ও জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজিরসহ আরও ২-৩ জন অজ্ঞাতনামা ব্যক্তি শাওন শেখের মোটরসাইকেলের গতি রোধ করে।

মামলার অভিযোগে বলা হয়েছে, জেলা ছাত্রদল সভাপতি সেনজিরের নির্দেশে মিঠুন শাওনের কলার চেপে ধরে মোটরসাইকেল থেকে নামিয়ে মাথায় কিল-ঘুষি মারে। রুবেল বাঁশের লাঠি দিয়ে পিঠে আঘাত করে এবং রাহুলও এলোপাতাড়ি কিল-ঘুষি মারে।

শাওনের চিৎকারে স্থানীয় লোকজন ছুটে এলে হামলাকারীরা প্রাণনাশের হুমকি দিয়ে পালিয়ে যায়। পরে স্থানীয়রা শাওনকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, হামলার ঘটনায় মামলা হয়েছে এবং এর ভিত্তিতে অভিযুক্তদের গ্রেপ্তার করে আদালতে সোপর্দ করা হয়েছে।

এদিকে মামলার বিষয়ে অভিযুক্ত জেলা ছাত্রদল সভাপতি আকিব জাবেদ সেনজির বলেন, “কিছুদিন আগে বিএনপির একজন কেন্দ্রীয় নেতা নির্বাচন নিয়ে প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাত চেয়েছেন—এমন একটি নিউজ যমুনা টিভিতে প্রকাশ হয়। সেই নিউজে শাওন শেখ অশ্লীল ও আপত্তিকর মন্তব্য করে। সোমবার রাতে মিঠুন তাকে এ বিষয়ে জিজ্ঞাসা করলে উভয়ের মধ্যে হাতাহাতি হয়।”

তিনি আরও বলেন, “আমি ঘটনাস্থলে উপস্থিত থাকলেও পরিস্থিতি শান্ত করি এবং শাওনকে বুঝিয়ে পাঠিয়ে দিই। আমি এ ঘটনার সঙ্গে কোনোভাবে জড়িত নই। এটি একটি মিথ্যা ও ষড়যন্ত্রমূলক মামলা।”

সেনজির দাবি করেন, “শাওন শেখ জুলাই-আগস্টের ছাত্র আন্দোলনের সঙ্গে জড়িত ছিলেন না এবং অতীতে কোনো সরকারবিরোধী আন্দোলনেও অংশ নেননি। তার বিরুদ্ধে এলাকায় চাঁদাবাজিসহ নানা অভিযোগ রয়েছে।”

তিনি প্রশাসনের কাছে সুষ্ঠু তদন্ত দাবি করে বলেন, “ছাত্রদলের নেতাকর্মীদের গ্রেপ্তারে তৎপরতা থাকলেও সরকারের পক্ষে থাকা ফ্যাসিবাদী ইউনিটের নেতাকর্মীরা প্রকাশ্যে ঘুরে বেড়ালেও পুলিশ

কোনো ব্যবস্থা নিচ্ছে না। আমরা এই মামলা প্রত্যাহার এবং ঘটনার নিরপেক্ষ তদন্ত দাবি করছি।”

মুজিবনগরে বর্ষবরণে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত

শুভ্রতা ছুঁয়ে থাকুক মননে, স্নিগ্ধ আলোয় জুড়িয়ে যায় দুচোখ, প্রাণের সঞ্চার উদ্বেলিত হোক নতুন বছরে।

অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং সব অশুভ শক্তিকে বিদায় জানাতে বর্ণিল আয়োজন ও বিপুল উৎসাহ উদ্দীপনা আর আনন্দঘন পরিবেশের মধ্য দিয়ে মেহেরপুরের মুজিবনগরে বাঙালির প্রাণের উৎসব পহেলা বৈশাখ ১৪৩২ উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে আজ সোমবার সকাল সাড়ে ৮টার সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল এর নেতৃত্বে একটি বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয় থেকে শুরু হয়ে প্রধান-প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদে চত্বরে গিয়ে শেষ হয় । বর্ষবরণের গানের তালে তালে শুরু হয় ঐতিহ্যবাহী প্রান্তা উৎসব সহ নানা অনুষ্ঠান।

আনন্দ শোভাযাত্রায় মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, মুুজিবনগর থানা অফিসার (ওসি তদন্ত) জাকির হোসেন, উপজেলা কৃষি অফিসার আঃ মোমিন, উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলামসহ শোভাযাত্রায় বিভিন্ন সরকারি-বেসরকারি কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন রাজনৈতিক নেতা-কর্মী, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, সামাজিক ও সাংস্কৃতি সংগঠন অংশগ্রহণ করেন।

মুজিবনগর উপজেলা বিএনপি’র বর্ণাঢ্য র্যালী ও বাংলা বর্ষবরণ

মুজিবনগরে বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপন উপলক্ষে উপজেলা বিএনপি’র আয়োজনে, জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ন আহবায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সকাল ৮ টার সময় উপজেলা বিএনপি’র কার্যলয় প্রাঙ্গন থেকে একটি জমকালো র্যালি উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা বিএনপি’র কার্যালয়ে গিয়ে সমাপ্ত হয়। র্যালীতে বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবকদল, কৃষকদল, ছাত্রদল অংশগ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র ১ নং যুগ্ম আহবায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, এছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রায়হান কবির, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি রফিকুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আশরাফুল হক কালু, জেলা যুব দলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক এস এম সালাউদ্দীন, সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক লিংকন, বিএনপি নেতা জহিরুল ইসলাম সাজু, বিপ্লব, নুরুদ্দীন সাদি,হাপিজুল ইসলাম, ওমর ফারুকসহ স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক সম্প্রীতি ও জাতীয় ঐক্যকে প্রাধান্য দিয়ে আয়োজিত এ অনুষ্ঠান স্থানীয়দের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে। পরে বিএনপি’র উপজেলা শাখা কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা আটক

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতাকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। গতকাল রোববার (১৩ এপ্রিল) রাতে আনন্দবাস গ্রামে নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, থানায় দায়েরকৃত একটি চাঁদাবাজির মামলায় তাকে আটক করা হয়েছে।

রফিকুল ইসলাম তোতা মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মৃত ইজ্জত আলী ডাক্তারের ছেলে। তিনি মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, রোববার রাতে সাইবার ক্রাইম ইউনিট, ডিবি এবং থানা পুলিশের যৌথ অভিযানে তাকে আটক করা হয়। পরে সোমবার সকালে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

মুজিবনগরের বাগোয়ানে ওয়ার্ড বিএনপির সম্মেলন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ২ ও ৩ নম্বর ওয়ার্ড বিএনপির সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২ এপ্রিল) বিকেল ৫টায় বাগোয়ান ইউনিয়ন বিএনপির আয়োজনে ভবরপাড়া আম্রকানন স্কুলপাড়ায় এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য আলমগীর খান সাতু, মশিউর রহমান, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রাইহান কবির, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আশরাফুল হক কালু, বিএনপি নেতা সোনা গাইন, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক লিংকন, ওমর ফারুকসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

সম্মেলনে ২ নম্বর ওয়ার্ড বিএনপির নতুন কমিটির সভাপতি নির্বাচিত হন ছমির উদ্দিন মোল্লা এবং ৩ নম্বর ওয়ার্ডে সভাপতি নির্বাচিত হন রবিউল ইসলাম, সাধারণ সম্পাদক আলমগীর হোসেন।

মুজিবনগরে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা

মুজিবনগরে গোপালনগর কোঅপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের ২৮ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার ১১ এপ্রিল সকাল দশটায় গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের অফিস প্রাঙ্গনে এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের লিমিটেড এর সাবেক ম্যানেজার মাহফুজ আলমের সঞ্চালনায়,

সাধারণ সভার প্রধান অতিথি ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা সমবায় এর ভারপ্রাপ্ত কর্মকর্তা এনামুল হক।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মিজানুর রহমান, মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু, গোপালনগর কো-অপারেটিভ ইউনিয়নের সহ-সভাপতি সাফায়েত

হোসেন, সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, কোষাধ্যক্ষ আবু নাঈম ডালিম, সদস্য ইনসান আলী ও আনিদুল ইসলাম সহ গোপালনগর অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারী এবং গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর ৩৮১৭ জন সদস্যা ও সদস্যবিন্দু।

গ্রামের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে সহযোগিতার মাধ্যমে সাধারণ মানুষকে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে গড়ে ওঠে। । এই ক্রেডিট ইউনিয়ন স্বচ্ছতার মাধ্যমে বিভিন্ন স্কিম এর আওতায় তাদের ৩৭৭০ জন সদস্যদেরকে সেবা দিয়ে যাচ্ছে।

মুজিবনগরে বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপন

“সুস্থ শুরু, আশাব্যঞ্জক ভবিষ্যৎ” এই প্রতিপাদ্যে মুজিবনগরে বিশ্ব স্বাস্থ্য দিবস ২০২৫ উদযাপন করেছে গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপি।

সোমবার সকাল ১১টায় গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির বল্লভপুর অফিস প্রাঙ্গণে স্বাস্থ্য সচেতনতামূলক র্যালি, আলোচনা সভা, হেলথ অ্যান্ড হাইজিন ক্লাবের সদস্যদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতা এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে অফিস প্রাঙ্গন থেকে একটি স্বাস্থ্য সচেতনতামূলক র্যালি বের করা হয়, যা সড়ক প্রদক্ষিণ শেষে আবারো অফিস প্রাঙ্গণে ফিরে আলোচনা সভায় মিলিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সিডিসি সভাপতি জহিরুল ইসলাম, গুড নেইবারসের মেডিকেল অফিসার ডা. মেহেদী হাসান, ইমপ্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ-এর উপজেলা ম্যানেজার সোহেল আহমেদ, বাংলাদেশ ইয়ুথ ফার্স্ট কনসার্ন-এর ম্যানেজার জন অমৃত

মন্ডল (লিটন) এবং হেলথ অফিসার আহসানুল হক।

বক্তারা তাদের বক্তব্যে বলেন, “প্রতিটি শিশুর সুস্থ জীবন শুরু মানেই ভবিষ্যৎ জাতির সুস্থতা। আমাদের যৌথ প্রচেষ্টার মাধ্যমেই একটি স্বাস্থ্যবান সমাজ গড়ে তোলা সম্ভব।”

তারা আরও বলেন, “আমরা স্থানীয় জনগণের মাঝে স্বাস্থ্যসেবা ও সচেতনতা বৃদ্ধিতে নিয়মিত কাজ করে যাচ্ছি এবং ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।”

বিশ্ব স্বাস্থ্য দিবসের তাৎপর্য তুলে ধরে বক্তারা বলেন, “এই দিবস আমাদের মনে করিয়ে দেয়—স্বাস্থ্য একটি মৌলিক অধিকার, যা নিশ্চিত করতে সকলের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন।”

গুড নেইবারস বাংলাদেশের স্বাস্থ্যসেবা কার্যক্রম সম্পর্কে জানানো হয়, সংস্থাটি স্থানীয় জনগণের মাঝে প্রাথমিক চিকিৎসা, স্বাস্থ্য শিক্ষা ও সুরক্ষা নিয়ে নিয়মিত কাজ করছে, যা গ্রামীণ জনগোষ্ঠীর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

পরে হেলথ অ্যান্ড হাইজিন ক্লাবের সদস্যদের অংশগ্রহণে স্বাস্থ্যবিষয়ক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মুজিবনগরে অজ্ঞাত নারীর লাশ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজার থেকে আট কবর সড়কের মধ্যবর্তী বল্লভপুর গুড়িতলার মাঠে প্রধান সড়কের পাশ থেকে এক অজ্ঞাত নারীর লাশ উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার (৭ এপ্রিল) সকালে রাস্তার পাশে একটি নারীর লাশ পড়ে থাকতে দেখে স্থানীয়রা থানায় খবর দেয়। খবর পেয়ে মুজিবনগর থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশটি উদ্ধার করে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান জানান, নিহত নারী মানসিক ভারসাম্যহীন এবং তার আনুমানিক বয়স ৫০ বছর। এখন পর্যন্ত তার পরিচয় শনাক্ত করা যায়নি।

ময়নাতদন্তের জন্য লাশ মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

মুজিবনগরে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস পালিত

মুজিবনগরে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস- ২০২৫ উদযাপন উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থা এর আয়োজনে, দিবসটি উপলক্ষে আজ রবিবার সকাল এগারোটার দিকে উপজেলা পরিষদ চত্বর থেকে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি পলাশ মন্ডলের নেতৃত্বে বর্ণাঢ্য র্যালী বের হয়। র্যালীটি সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আলোচনা সভায় মিলিত হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা ক্রীড়া সংস্থা সদস্য সচিব রকিব উদ্দিনের সভাপতিত্বে আলোচনা সভায়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমানের সঞ্চালনায় আলোচনা সভায়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য ও মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, ক্রীড়া সংস্থার সদস্য ও প্রেসক্লাবের সহসভাপতি খাইরুল বাশার, ক্রীড়া সংস্থার সদস্য জহিরুল ইসলাম সহ উপজেলা বিভিন্ন দপ্তরের কর্মকর্তা

কর্মচারিবৃন্দ এবং তরুণ ও যুব সমাজের প্রতিনিধি বৃন্দ।

আলোচনা সভায় উপজেলা ক্রীড়া সংস্হাকে আরো গতিশীল করা, উপজেলার খেলার মাঠ গুলোকে সংস্কার করা, বিভিন্ন খেলার আয়োজনে মাধ্যমে তরুন ও যুব সমাজকে খেলা মুখি করে মোবাইল আসক্তি, অনলাইন জুয়া, মাদকে প্রতিরোধ করার বিষয়ে বক্তব্য তুলে ধরে আলোচনা করেন অতিথিরা।